গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হরিরামপুর, মানিকগঞ্জ।

**উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির এপ্রিল ২০২৩ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি : মোঃ শাহরিয়ার রহমান, উপজেলা নির্বাহী অফিসার, হরিরামপুর, মানিকগঞ্জ।
সভার তারিখ ও সময় : ১৭ এপ্রিল ২০২৩ সকাল ১০:০০ ঘটিকা।
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপস্থিত সদস্যগণকে আইন-শৃঙ্খলা বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করেন। অত:পর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জনাব দেওয়ান আব্দুর রব, সাধারণ সম্পাদক, হরিরামপুর উপজেলা আওয়ামী লীগ সভায় জানান যে, ইউনিয়নে আইনশৃঙ্খলা কমিটির সভা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কমিটির সভা ও সন্ত্রাস ও নাশকতার কমিটির সভা করেননি। আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে প্রতিটি ইউনিয়ন পর্যায়ে আইনশৃঙ্খলা সভা করা প্রয়োজন। ইউনিয়ন পর্যায়ে সকল কমিটির সভা উপজেলা কমিটির সিদ্ধান্তগুলি প্রান্তিক পর্যায়ের জনসম্মুখে পৌছানো প্রয়োজন। | ক) ইউনিয়ন পর্যায়ে সকল কমিটির সভা করে অগ্রগতি প্রতিবেদন উপজেলা মিটিং এ উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইনশৃঙ্খলা কমিটির সকল সদস্য |
| বীরমুক্তিযোদ্ধা গোলজার হোসেন বাচ্চু, সভাপতি, হরিরামপুর উপজেলা আওয়ামী লীগ ও ইউপি চেয়ারম্যান সুতালড়ী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, হরিরামপুরে একাধারে স্যালো মেশিন চুরি হচ্ছে। কিছু কিছু জায়গায় মেশিনের মাথা, টিউবওয়েলের মাথা চুরি হচ্ছে। মাদক সেবন বিক্রয়ের পরিমাণ বেড়ে গেছে। হরিরামপুরে মাদক সেবন বন্ধ করতে হলে মাদক বিক্রয়কারী সনাক্ত করতে হবে। মাদকের উৎস্য বন্ধ হলেই মাদক সেবন অনেকাংশে কমে যাবে মর্মে জানান। | খ) স্যালো মেশিন চুরি ও টিউবওয়েলের মাথা চুরি রোধে গ্রাম পুলিশ মোতায়েনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল) |
| বীরমুক্তিযোদ্ধা, বিল্লাল হোসেন, সভাপতি জাতীয় পার্টি, হরিরামপুর উপজেলা শাখা সভায় জানান যে, হরিরামপুরে আইনশৃঙ্খলা পরিস্থিতি ভাল রয়েছে। সিএনজি গাড়ীতে যাত্রী ৫ জনের জায়গায় ৩ জন বহন করে তাদের নিকট হতে অধিক ভাড়া আদায় করে। অথচ ড্রাইভারকে ভাড়া বাবদ টাকা কম দেয়। এ বিষয়ে নজরদারি করা প্রয়োজন। | গ) সিএনজি গাড়ীতে যাত্রী পরিবহনের বিষয়টি তদারকির জন্য কমিটির সকলকে অনুরোধ জানান। | ইউপি চেয়ারম্যান(সকল)<br>অফিসার ইনচার্জ<br>সহকারী কমিশনার (ভূমি)<br>উপজেলা নির্বাহী অফিসার |
| উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক মানিকগঞ্জ জেলা কারাগার হতে সাজাপ্রাপ্ত ১৩ ( তের) জন আসামীর প্রবেশন মঞ্জুর করা হয়েছে এবং আসামীগণ প্রবেশন অফিসার, হরিরামপুর এর তত্ত্বাবধানে আছেন। নিয়মিত পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে। বর্তমানে হরিরামপুর উপজেলার কোন শিশু/কিশোর জেলা কারাগারে আটক নেই।<br>প্রভেশন অফিসার সভায় শিশুআইন/২০১৩ সম্পর্কে সকল সদস্যবৃন্দকে অবহিত করেন। | | |
| বীরমুক্তিযোদ্ধা সৈয়দ হাসান ইমাম বাবু, সভায় জানান যে, হরিরামপুর উপজেলায় আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। | | |
| উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, উপজেলায় ১৩/১৪ বছরের মেয়েরা বেপরোয়া হয়ে যাচ্ছে প্রেমের ফাঁদে পড়ে নোটারি পাবলিক করে বিয়ে করে। স্বামী অস্বীকার করলে কোন প্রমাণ থাকে না। নোটারী পাবলিক আইনগত কোন বৈধতা নেই। হরিরামপুরে বাল্য বিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধে প্রতিনিয়ত উঠান বৈঠক ও জনসচেতনতামূলক কার্যক্রম চলমান। কোথাও বাল্য বিবাহ হতে থাকলে সঙ্গে সঙ্গে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসারকে অবগত করার জন্য সকলের দৃষ্টি আকর্ষন করেন। | | |

CamScanner

| | | |
|---|---|---|
| **জনাব মাহিদুর রহমান মাহি**, সভাপতি, উপজেলা প্রেস ক্লাব, হরিরামপুর, মানিকগঞ্জ সভায় জানান যে, ঈদের সময় হরিরামপুরে জনসমাগম বেশি থাকে। এ সময় বালিবাহি গাড়ীগুলোর (মাহিন্দ্র, ট্রলি, কাকড়া) গতি অনেক বেশি থাকে। যার কারণে দূর্ঘটনা বেশি ঘটে। এরুপ গাড়ীর সাথে দূর্ঘটনা ঘটলে আহতের চেয়ে নিহত বেশি হয়। বালিবাহি ট্রাকগুলি ঈদ উদযাপন সময় পর্যন্ত সম্পূর্ণ বন্ধ রাখা প্রয়োজন মর্মে জানান। | ঘ) বালিবাহি ট্রাকগুলি ঈদ উদযাপনের সময় পর্যন্ত বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার (ভূমি)<br>উপজেলা নির্বাহী অফিসার<br>ভারপ্রাপ্ত কর্মকর্তা হরিরামপুর থানা |
| **চেয়ারম্যান, বাল্লা ইউপি** সভায় জানান যে, বাল্লা ইউনিয়নের মাচাইন গ্রামে মাদকের মূল ডিলার রয়েছে। মাচাইনের মূল ডিলারের নিকট হতে কাঞ্চনপুর, শিমুলিয়া, গালা, গোপীনাথপুর ইউনিয়নে মাদক সরবরাহ হতে পারে। মাদক সেবন ও মাদক সরবরাহকারীদের ধরতে রাত ৯ টা অথবা ১০ টার পর অভিযান চালালে ধরা সম্ভব মর্মে জানান। | (ঙ) মাচাইনে মাদকের মূল ডিলারকে সনাক্তপূর্বক আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইনশৃঙ্খলা কমিটির সকল সদস্য |
| **চেয়ারম্যান, কাঞ্চনপুর ইউপি** সভায় জানান যে, সামনেই ঈদ উল ফিতর। এ সময় বহিরাগত অনেক লোকজনের সমাগম হয়। কাঞ্চনপুর ইউনিয়নে কালিতলায় প্রাকৃতিকভাবে মিনি কক্সবাজার গড়ে উঠেছে। শুক্রবার শনিবার বন্ধের সময় প্রচুর লোকের সমাগম হয়। ঈদ উল ফিতরের সময় আরো বেশি লোক হবে। এখানে মটর সাইকেলের রেস হয়। এক এক মটর সাইকেলে ৩/৪জন আরোহী গমন করে। গাড়ীর কোন নিয়ন্ত্রণ থাকে না। ফলে দূর্ঘটনা ঘটার সম্ভাবনা অনেক বেশি থাকে। নিয়মিত টহল পুলিশ প্রয়োজন। কাঞ্চনপুরে মাদক সেবনের পরিমাণ বৃদ্ধি পাচ্ছে। গোপীনাথপুর ইউনিয়নে মাদক বিক্রেতা বেশি থাকায় কাঞ্চনপুরে সরবরাহ শুরু করছে। ফলে কাঞ্চনপুরের জনগন মাদকে আসক্ত হচ্ছে। সামনে জাতীয় নির্বাচন। ইতোমধ্যেই একশ্রেণির লোকজন ইসলামী জিহাদী কর্মকান্ড শুরু করেছে। এ বিষয়ে সতর্ক থাকা প্রয়োজন মর্মে জানান। | ঙ)ঈদ উদযাপনে কাঞ্চনপুরে কালিতলা(মিনি কক্সবাজার), বাহাদুরপুর, আন্ধারমানিক, পুলিশ মোতায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা হরিরামপুর থানা |
| **চেয়ারম্যান, গোপীনাথপুর ইউপি** সভায় জানান যে, ডেগিরচর গ্রামে ২টি বাড়ীতে আগুন লেগে প্রায় ৮০ হাজার টাকার ক্ষয়ক্ষতি হয়েছে। অসচেতনতার জন্য আগুন লাগছে। জনসচেতনতামূলক মাইকিং করা হবে মর্মে জানান। গোপীনাথপুরে মাদকের ব্যবহার সবচেয়ে বেশি। রাস্তার ফাকা জায়গায়, চকের মধ্যে গিয়ে মাদক সেবন করে। অফিসার ইনচার্জ এক মাদক ব্যবসায়ীকে আটক করায় ধন্যবাদ জ্ঞাপন করেন। সামনে পবিত্র ঈদ উল ফিতর অনুষ্ঠিত হবে। ঈদ উদযাপনে বহিরাগত অনেক লোকজন আসে। এক্ষেত্রে গোপীনাথপুরের বাহাদুরপুর ঘাট ও উজানপাড়া ঘাটে বেশি সমাগম হয়। উক্ত স্থানে বিশৃঙ্খলা কমাতে টহল পুলিশ বৃদ্ধির প্রয়োজন। | চ) মাদক দ্রব্য সেবনকারী, বিক্রয়কারী ও পাচারকারীদের চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং চুরিরোধে টহল পুলিশ বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার (ভূমি)<br>উপজেলা নির্বাহী অফিসার<br>ভারপ্রাপ্ত কর্মকর্তা হরিরামপুর থানা |
| **চেয়ারম্যান, লেছড়াগঞ্জ ইউপি** সভায় জানান যে, লেছড়াগঞ্জ ইউনিয়নে দুস্থ্য মানুষগুলো সাড়া বছর গরু ছাগল লালন পালন করে। ঈদ সামনে চুরির পরিমাণ বেড়ে যায়। গরীব মানুষের শেষ সম্বলটুকুও চুরি হয়ে গেলে একেবারেই নিঃস্ব হয়ে যায়। নদীর পাড়ে যাদের বাড়ী তারা বেশি আতংকে থাকে। এখানে পুলিশ টহল বৃদ্ধি করা প্রয়োজন মর্মে জানান। | | |
| **বেগম সাজেদা চৌধুরী, মহিলা ভাইস চেয়ারম্যান**, উপজেলা পরিষদ, হরিরামপুর সভায় জানান যে, চলাচলের রাস্তায় অধিকাংশ স্ট্যান্ডে অটোগাড়িগুলি কোন নিয়ম-নীতি মানে না, যানজট লেগেই থাকে। | | |
| **জনাব দেওয়ান সাইদুর রহমান, চেয়ারম্যান**, উপজেলা পরিষদ, হরিরামপুর, মানিকগঞ্জ সভায় জানান যে, হরিরামপুরে ওয়াজ, কীর্তন, বিয়া, জন্মদিন, ওরশ মোবারক, পালাগান ইত্যাদিতে ব্যাপক পরিমাণে ডেকসেট বাজানো হয়। ওরশ মোবারক, ওয়াজ ও কীর্তনের নামে মানুষের নিকট হতে টাকা আদায় করা হয়। টাকা আদায় বন্ধ করা প্রয়োজন মর্মে জানান। মালবাহী যানবাহন নিয়ম অনুযায়ী চলে না। হরিরামপুরে বাল্য বিবাহের প্রবণতা অনেক বেশি। বাল্য বিবাহের কারণে বিবাহ বিচ্ছেদ হয়ে থাকে। বাল্য বিবাহ বন্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন মর্মে জানান। | | |

CamScanner

সুমন কুমার আদিত্য, অফিসার ইনচার্জ, হরিরামপুর থানা সভায় জানান যে, ...পুরে আইনশৃঙ্খলা পরিস্থিতি ভালো। হরিরামপুরে জুয়া খেলা বন্ধ করা হবে। ...র আসরের তথ্য প্রয়োজন মর্মে সকল সদস্যের দৃষ্টি আকর্ষণ করেন। গুজবকে ...স্ত্র করে গাড়ীতে স্ট্রিকার বাণিজ্য হচ্ছে। গুজবকে প্রতিহত করতে হবে। ...ক্ষেত্রে বাজার কমিটিকে স্বচ্ছার হতে হবে। ঈদ উল ফিতর উদযাপন উপলক্ষ্যে চুরি ডাকাতি রোধে টহল পুলিশ বৃদ্ধি করা হবে এবং সাথে গ্রাম পুলিশ মোতায়েন করা হবে মর্মে জানান। মার্চ/২৩ মাসে ধর্ষণ, চুরি, ডাকাতি, মারামারি ও মাদকে মোট ৪টি মামলা হয়েছে। মাদক সেবন বন্ধে ও চুরি ডাকাতি প্রতিরোধে পুলিশ বিভাগের পক্ষ হতে নিয়মিত অভিযান, পুলিশ টহল বিদ্যমান রয়েছে। ইতোমধ্যে এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে। মাদক সেবনকারীর নাম, স্থান উল্লেখপূর্বক তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। স্যালো মেশিন, টিউবওয়েলের মাথা ও বাড়ীতে চুরি হলে মামলা দিতে চায় না। মামলা না হলে তদন্ত করা কঠিন হয়ে পড়ে। পুলিশ জনগনের জন্য নিরলসভাবে দিন-রাত কাজ করে যাচ্ছে এবং পুলিশ বাহিনীকে সার্বিক সহযোগিতা করার জন্য সুশীল সমাজের প্রতিনিধি ও জনপ্রতিনিধিদের দৃষ্টি আকর্ষণ করেন।

জনাব তাপসী রাবেয়া, সহকারী কমিশনার (ভূমি), হরিরামপুর, মানিকগঞ্জ সভায় জানান যে, মার্চ/২৩ মাসে ৪টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। ঈদ উদযাপন উপলক্ষ্যে বহিরাগত লোকজনের সমাগম হয়। পাটগ্রাম মোড় হতে আন্ধারমানিক ঘাট পর্যন্ত মটর সাইকেলে পরিপূর্ণ হয়ে যায়। একেক মটর সাইকেলে ৩ জন আরোহী থাকে এবং অধিকাংশ মটর সাইকেলের ফিটনেস থাকে না। ঈদের সময় মটর সাইকেলের প্রতি নজরদারি প্রদান করা হবে মর্মে জানান।

জনাব মোঃ শাহরিয়ার রহমান, উপজেলা নির্বাহী অফিসার, হরিরামপুর, মানিকগঞ্জ সভায় জানান যে, পবিত্র মাহে রমজানে দৃব্যমূল্যের উর্ধ্বগতি নিয়ন্ত্রনে রাখা হয়েছে। নিয়মিত বাজার মনিটরিং করা হয়েছে। মটর সাইকেলের বিষয়ে কড়া নজরদারি করা হবে মর্মে জানান। বাল্য বিবাহ রোধে সকলকে সচেষ্ট হওয়ার জন্য অনুরোধ করেন। ঈদ উদযাপন উপলক্ষ্যে আন্ধারমানিক, কাঞ্চনপুরে কালিতলা, রামকৃষ্ণপুরে জনসমাগম বেশি হয়। এ স্থানগুলোতে পুলিশ মোতায়েনের জন্য অফিসার ইনচার্জের দৃষ্টি আকর্ষণ করেন। হরিরামপুরে স্যালো মেশিন চুরি, টিউবওয়েলের মাথা চুরি, গরু চুরি, ট্রলার চুরি রোধে গ্রাম পুলিশ পাহাড়া জোড়দার করা প্রয়োজন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শাহরিয়ার রহমান
উপজেলা নির্বাহী অফিসার
হরিরামপুর, মানিকগঞ্জ।

স্মারক নং০ ০৫.৩০.৫৬২৮.০০০.০৬.০০২.২৩- ২৭৬/১(৩০)

তারিখ: ১৭/০৪/২০২৩খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ১৬৯ মানিকগঞ্জ-২, বাংলাদেশ জাতীয় সংসদ।
০২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
০৪। পুলিশ সুপার, মানিকগঞ্জ।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিরামপুর, মানিকগঞ্জ।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিরামপুর, মানিকগঞ্জ।
০৭। অফিসার ইনচার্জ, হরিরামপুর থানা।
০৮। উপজেলা ................................ কর্মকর্তা, হরিরামপুর, মানিকগঞ্জ।
০৯। চেয়ারম্যান, ................................ ইউনিয়ন পরিষদ, হরিরামপুর।
১০। জনাব ................................................
১১। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
হরিরামপুর, মানিকগঞ্জ।

CS CamScanner